



জনসংযোগ কার্যালয়

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা, বাংলাদেশ
ফোন: ৭৭১০৮৫-৫১, ফ্যাক্স: ০২২২৪৪৯১০৫২
ওয়েবসাইট: www.juniv.edu



প্রেস বিজ্ঞপ্তি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

‘বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ও জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন-অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়্যার’ শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ২৮ নভেম্বর ২০২৩।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে আইকিউএসির আয়োজনে আজ ‘বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ও জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন-অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়্যার’ শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। সকাল সাড়ে নয়টায় প্রধান অতিথি উপাচার্য অধ্যাপক ড. মোঃ নূরুল আলম প্রশিক্ষণ কর্মশালা উদ্বোধনকালে বলেন, কাজের গুণগত মান বৃদ্ধির জন্য প্রশিক্ষণের গুরুত্ব অপরিসীম। প্রশিক্ষণের মাধ্যমে নিজেদের দক্ষ ও যোগ্য করে গড়ে তুলতে হবে। তিনি বলেন, এপিএ’র উদ্দেশ্য বাস্তবায়ন করতে পারলে মাননীয় প্রধানমন্ত্রীর স্মার্ট বাংলাদেশ রূপকল্প-২০৪১ বাস্তবায়ন করতে পারবো। প্রশিক্ষণ কর্মশালাটি সকলের জন্য ফলপ্রসূ হবে এই আশাবাদ ব্যক্ত করে উপাচার্য বলেন, প্রশিক্ষণ গ্রহণ করে সে অনুযায়ী কাজ করতে পারলে বিশ্ববিদ্যালয় এগিয়ে যাবে। উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক শেখ মোঃ মনজুরুল হক। সভাপতি হিসেবে বক্তব্য রাখেন আইকিউএসি’র পরিচালক অধ্যাপক ড. সৈয়দ হাফিজুর রহমান। অনুষ্ঠান সপ্তগ্রাম করেন ডেপুটি রেজিস্ট্রার (উচ্চশিক্ষা ও বৃত্তি) এবং এপিএ’র ফোকাল পয়েন্ট লৃৎফর রহমান।

প্রশিক্ষণ কর্মশালায় বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্চুরী কমিশনের (ইউজিসি) উপ-পরিচালক বিষ্ণু মল্লিক ‘বার্ষিক কর্মসম্পাদন চুক্তি : বাস্তবায়ন ও প্রমাণক ব্যাস্থাপনা’ এবং উপ-পরিচালক মৌলি আজাদ ‘অভিযোগ প্রতিকার ব্যবস্থা নির্দেশিকা’ প্রতিপাদ্য বিষয়ে বক্তব্য উপস্থাপন করেন।

মোহাম্মদ মহিউদ্দিন, পিএইচডি
পরিচালক (ভারপ্রাপ্ত)

